

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
জেলা পরিষদ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.০০.০০০০.০৪২.২২.০০৭.২০২০.৭২৫

তারিখ: ১৬ জৈষ্ঠ ১৪২৯  
৩০ মে ২০২২


**বিষয়: মুজিব শতবর্ষে দেশের ভূমিহীন ও গৃহহীনদের জন্য জেলা পরিষদ কর্তৃক নির্মিত গৃহের সুবিধাভোগীদের নাম, ঠিকানা ও ছবি প্রেরণ।**

সূত্র: স্থানীয় সরকার বিভাগের পাস-১ শাখার স্মারক ৪৬.০০.০০০০.০৮৩.১৯.০০১.১৭, তারিখ: ১৮ মে ২০২২।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মুজিব শতবর্ষে দেশের ভূমিহীন ও গৃহহীনদের জন্য স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ এবং স্থানীয় সরকার বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার নিজস্ব অর্থায়নে নির্মিত গৃহের সুবিধাভোগীদের নাম, ঠিকানা ও ছবি সম্বলিত ব্রশিউর/বুকলেট প্রস্তুতের সিদ্ধান্ত গৃহীত হয় (কপি সংযুক্ত)। সে প্রেক্ষিতে তাঁর জেলা পরিষদ কর্তৃক নির্মিত গৃহের সুবিধাভোগীদের নাম, ঠিকানা ও পূর্ণাঙ্গ তালিকা (ছবি) প্রয়োজন।

২। এমতাবস্থায়, তাঁর জেলা পরিষদ কর্তৃক মুজিব শতবর্ষে দেশের ভূমিহীন ও গৃহহীনদের জন্য নির্মিত গৃহের সুবিধাভোগীদের নাম, ঠিকানাসহ পূর্ণাঙ্গ তালিকা, ছবি [পাসপোর্ট সাইজের ১টি ছবি এবং ঘরের সামনে পারিবারিক ১টি ছবি, (সফট কপিসহ)] আগামী ০২ জুন, ২০২২ তারিখের মধ্যে হার্ডকপি ও ই-মেইলে সফট কপি প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩। বিষয়টি অতীব জরুরি।

  
মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী  
উপসচিব  
ফোনঃ +৮৮০২২২৩৩৫৫৫৬৮  
ই-মেইলঃ lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা  
জেলা পরিষদ,.....(সকল)।

অনুলিপি:

১. অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সিনিয়র সহকারী সচিব, পাস-১ শাখা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশ করার জন্য)।



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
পাস-১ শাখা  
www.lgd.gov.bd




স্মারক নং-৪৬.০০.০০০০.০৮৩.১৯.০০১.১৭- ২৩২

তারিখঃ ০৪ জ্যৈষ্ঠ ১৪২৯  
১৮ মে ২০২২

বিষয়ঃ মুজিব শতবর্ষে দেশের ভূমিহীন ও গৃহহীনদের জন্য স্থানীয় সরকার প্রতিষ্ঠান, স্থানীয় সরকার বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তাগণের নিজস্ব অর্থায়নে নির্মিত গৃহের সুবিধাভোগীদের নাম, ঠিকানা ও ছবি সম্বলিত ব্রশিউর/বুকলেট প্রস্তুতকরণ উপকমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন।

উপর্যুক্ত বিষয়ে ১০ মে ২০২২ তারিখে মুজিব শতবর্ষে দেশের ভূমিহীন ও গৃহহীনদের জন্য স্থানীয় সরকার প্রতিষ্ঠান, স্থানীয় সরকার বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তাগণের নিজস্ব অর্থায়নে নির্মিত গৃহের সুবিধাভোগীদের নাম, ঠিকানা ও ছবি সম্বলিত ব্রশিউর/বুকলেট প্রস্তুতকরণ উপকমিটির সভা অনুষ্ঠিত হয়। সভার ৩(২) নং সিদ্ধান্ত অনুযায়ী ব্রশিউর/বুকলেট প্রস্তুতকরণের জন্য সুবিধাভোগীদের নাম, ঠিকানাসহ পূর্ণাঙ্গ তালিকা, পাসপোর্ট সাইজের ১টি এবং ঘরের সামনে পারিবারিক ১টি ছবি মোট ২টি ছবি (সফট কপিসহ) ৭(সাত) দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

  
পিন্টু বেপারী  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯৫১১৬০৩  
lgws1@lgd.gov.bd

বিতরণ


- ১) উপসচিব (প্রশাসন-১/জেপ/সিক-১/২/পাস-২/৩/উজে-২ শাখা), স্থানীয় সরকার বিভাগ।
- ২) সিনিয়র সহকারী সচিব (উজে-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ।

স্মারক নং-৪৬.০০.০০০০.০৮৩.১৯.০০১.১৭- ২৩২/১(০৪)

তারিখঃ ০৪ জ্যৈষ্ঠ ১৪২৯  
১৮ মে ২০২২

অনুলিপি: (সদয় অবগতির জন্য)

- ১) অতিরিক্ত সচিব (প্রশাসন/পাস/উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ।
- ২) যুগ্মসচিব (প্রশাসন/উজে/নগর উন্নয়ন-১), স্থানীয় সরকার বিভাগ।
- ৩) যুগ্মসচিব (পলিসি সাপোর্ট অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ।
- ৪) সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।

  
পিন্টু বেপারী  
সিনিয়র সহকারী সচিব

ডায়েরী নং- ২৩৬  
তারিখঃ ১৮/০৫/২০২২  
উপসচিব  
জেলা পরিষদ অধিশাখা

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

বিষয়ঃ মুজিব শতবর্ষে দেশের ভূমিহীন ও গৃহহীনদের জন্য স্থানীয় সরকার প্রতিষ্ঠান, স্থানীয় সরকার বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তাগণের নিজস্ব অর্থায়নে নির্মিত গৃহের সুবিধাভোগীদের নাম, ঠিকানা ও ছবি সম্বলিত ব্রশিউর/বুকলেট প্রস্তুতকরণ উপকটিমির সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব নুমেরী জামান, যুগ্মসচিব (পলিসি সাপোর্ট), স্থানীয় সরকার বিভাগ।  
সভার স্থান : যুগ্মসচিব (পলিসি সাপোর্ট) এর অফিস কক্ষ (কক্ষ নং-১১০, ভবন নং ০৭) বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
সভার তারিখ ও সময় : ১০ মে ২০২২, বিকাল: ৩.০০ টা।  
উপস্থিত কর্মকর্তাদের  
তালিকা : পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে কমিটির সদস্য সচিব জনাব পিন্টু বেপারী, সিনিয়র সহকারী সচিব (পাস-১), স্থানীয় সরকার বিভাগ সভাকে জানান যে, মুজিব শতবর্ষ উপলক্ষ্যে মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ এবং স্থানীয় সরকার বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তাগণের নিজস্ব অর্থায়নে নির্মিত ১৩৫১টি গৃহ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক শুভ উদ্বোধনের লক্ষ্যে সানুগ্রহ অনুমোদন জ্ঞাপন করেছেন। মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ এবং স্থানীয় সরকার বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তাগণের নিজস্ব অর্থায়নে নির্মিত গৃহের সুবিধাভোগীদের নাম, ঠিকানা ও ছবি সম্বলিত ব্রশিউর/বুকলেট প্রস্তুতকরণের লক্ষ্যে গঠিত উপকটিমি কর্তৃক পরবর্তী কার্যক্রম গ্রহণের লক্ষ্যে আজকের সভা আহবান করা হয়েছে।


০২। সভাপতি সভাকে অবহিত করেন যে, মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ এবং স্থানীয় সরকার বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তাগণের নিজস্ব অর্থায়নে নির্মিত গৃহের সুবিধাভোগীদের নাম, ঠিকানা ও ছবি সম্বলিত ব্রশিউর/বুকলেট প্রস্তুত করতে হবে। ব্রশিউর/বুকলেট প্রস্তুতের জন্য সুবিধাভোগীদের নাম, ঠিকানা ও ছবি সংগ্রহ, বুকলেট ছাপানোর জন্য প্রেসের সাথে যোগাযোগ করে একটি সম্ভাব্য মূল্য নির্ধারণ, একটি বাজেট প্রাক্কলন প্রস্তুতসহ অন্যান্য আনুষঙ্গিক কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন।

০৩। ব্রশিউর/বুকলেট প্রস্তুতের বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে সভায় সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্র: নং	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী
১	মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ এবং স্থানীয় সরকার বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তাগণের নিজস্ব অর্থায়নে নির্মিত গৃহের সুবিধাভোগীদের নাম, ঠিকানা ও ছবি সম্বলিত উন্নতমানের চার রঙা বিশিষ্ট একটি ব্রশিউর/বুকলেট প্রস্তুত করা হবে।	বুকলেট প্রস্তুতকারী উপকটিমি
২	ব্রশিউর/বুকলেট প্রস্তুতকরণের জন্য সুবিধাভোগীদের নাম, ঠিকানাসহ পাসপোর্ট সাইজের ১টি এবং ঘরের সামনে পারিবারিক ১টি ছবিসহ মোট ২টি ছবি ৭(সাত) দিনের মধ্যে সংগ্রহ করে প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকল দপ্তরকে পত্র দিতে হবে।	সিনিয়র সহকারী সচিব (পাস-১) স্থানীয় সরকার বিভাগ
৩	ব্রশিউর/বুকলেট প্রস্তুতের বিষয়ে কয়েকটি প্রেসের সাথে যোগাযোগ করে সম্ভাব্য প্রাক্কলন ও অন্যান্য আনুষঙ্গিকসহ একটি প্রাক্কলিত বাজেট প্রস্তুত করতে হবে।	সিনিয়র সহকারী সচিব (পাস-১) স্থানীয় সরকার বিভাগ

8	প্রস্তুতকৃত প্রাক্কলিত বাজেট অনুযায়ী অর্থ বরাদ্দের জন্য স্থানীয় সরকার বিভাগের বাজেট শাখায় একটি পত্র প্রেরণ করতে হবে।	সিনিয়র সহকারী সচিব (পাস-১) স্থানীয় সরকার বিভাগ
---	---	---

০৪। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।



নুমেরী জামান

যুগ্মসচিব

ও

সভাপতি

ব্রশিউর/বুকলেট প্রস্তুতকরণ উপকমিটি